

তাগিদপত্র-১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
আশ্রয়ণ-২ প্রকল্প
তেজগাঁও, ঢাকা।

নং- ০৩.৭০৩.০১৪.০০.০০.১৩৩২.২০১৬-৬৩৪

তাং- ২৮/০৮/২০১৬ খ্রিঃ

বিষয় : সবার জন্য বাসস্থান নিশ্চিতকরণের জন্য গৃহহীনের তালিকা প্রেরণ।

সূত্র :

- (১) ০৩.৭০৩.০১৪.০০.০০.১৩৩২.২০১৬-৬৭, তারিখ-২৭/০৪/২০১৬ খ্রিঃ।
- (২) ০৩.৭০৩.০১৪.০০.০০.১৩৩২.২০১৬-৮৮, তারিখ-০৩/০৫/২০১৬ খ্রিঃ।
- (৩) ০৩.৭০৩.০১৪.০০.০০.১৩৩২.২০১৬-৮৯, তারিখ-০৩/০৫/২০১৬ খ্রিঃ।
- (৪) ০৩.৭০৩.০১৪.০০.০০.১২৪৫.২০১৫-১৬৬, তারিখ-১৬/০৫/২০১৬ খ্রিঃ।
- (৫) ০৩.৭০৩.০১৪.০০.০০.১৩৩২.২০১৬-৪৩২, তারিখ-২২/০৬/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা 'সবার জন্য বাসস্থান' নিশ্চিত করার লক্ষ্যে সূত্রে বর্ণিত ৫(পাঁচ) টি পত্রের মাধ্যমে জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারগণকে তাঁর অধিক্ষেত্রাধীন গৃহহীনদের 'ক', 'খ' ও 'গ' শ্রেণীবদ্ধ করে ১৫ জুন, ২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে প্রকল্প অফিসে তালিকা প্রেরণের জন্য অনুরোধ করা হয়। এতে 'ক' শ্রেণীতে যাদের জমি ও ঘর এর কোনটাই নেই, 'খ' শ্রেণীতে যাদের ১-১০ শতাংশ জমি আছে কিন্তু ঘর নেই এবং 'গ' শ্রেণীতে যাদের ১-১০ শতাংশ জমি আছে কিন্তু জরাজীর্ণ, বসবাসের অনুপযোগী ঘর আছে এমন পরিবার অন্তর্ভুক্ত করে তালিকা প্রণয়নপূর্বক প্রেরণের অনুরোধ জানানো হয়। প্রধানমন্ত্রীর কার্যালয়ের মহাপরিচালক(প্রশাসন) মহোদয় জেলা প্রশাসকগণের সাথে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমেও প্রয়োজনীয় নির্দেশনা দিয়েছেন। কিন্তু এখন পর্যন্ত অতি নগণ্যসংখ্যক জেলা হতে যথাযথ ও পূর্ণাঙ্গ তালিকা পাওয়া গেছে।

০২। অধিকাংশ জেলা হতেই গৃহহীনের তালিকা পাওয়া যায়নি। আবার কয়েকটি জেলা হতে তথ্য পাওয়া গেলেও সেগুলো যথাযথভাবে শ্রেণীবদ্ধ করে প্রেরণ করা হয়নি। ফলে পুনর্বাসন পরিকল্পনা প্রণয়ন করা সম্ভব হচ্ছে না। ২০১৯ সালের মধ্যে 'সবার জন্য বাসস্থান' নিশ্চিতকরণের লক্ষ্যে পরিকল্পনা প্রণয়নকল্পে দেশের সকল গৃহহীনের সঠিক তালিকা প্রাপ্তির বিষয়টি অত্যন্ত জরুরী। বিষয়টি মুখ্যসচিব মহোদয় সরাসরি তদারকি করছেন।

০৩। বর্ণিতাবস্থায়, তাঁর জেলাধীন গৃহহীনের তালিকা যথাযথভাবে প্রস্তুতপূর্বক আগামী ৩০ শে আগস্ট, ২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে আশ্রয়ণ প্রকল্প কার্যালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। বিষয়টি অতীব জরুরী।

(এস এম হামিদুল হক)

সহকারী পরিচালক

(উপসচিব)

☎ : ৯১২৫২৯২

জেলা প্রশাসক(সকল)

----- জেলা।

অনুলিপিঃ

০১। মুখ্যসচিব/সচিবের একান্ত সচিব।

০২। উপজেলা নির্বাহী কর্মকর্তা(সকল)

-----উপজেলা।

০৩। অফিস কপি।